তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)

**২০২২-২০২৩ অর্থবছরের ১ম কোয়ার্টারে অনুষ্ঠিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ হারুনুর রশীদ মোল্লাহ্<br>ব্যবস্থাপনা পরিচালক ও আহবায়ক, নৈতিকতা কমিটি। |
| সভার তারিখ | ১৪ সেপ্টেম্বর,২০২২ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | অনলাইন প্লাটফর্ম |
| উপস্থিতি | টিজিটিডিসিএল-এর নৈতিকতা কমিটির সংশ্লিষ্ট সদস্যবৃন্দসহ সকল মহাব্যবস্থাপকবৃন্দ, পেট্রোবাংলার সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানি সমূহের মনোনীত প্রতিনিধিবৃন্দ এবং সংশ্লিস্ট গ্রাহক প্রতিনিধিবৃন্দ |

ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, সংশ্লিষ্ট নৈতিকতা কমিটি, সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই কোম্পানির আওতাধীন কিছু এলাকার সম্মানিত গ্রাহকবৃন্দ সম্প্রতি গ্যাসের স্বল্পচাপজনিত যে সাময়িক সমস্যার সম্মুখীন হয়েছেন তার জন্য দু:খ প্রকাশ করেন। অচিরেই এ সমস্যার সমাধান হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন । সভাপতি আরও বলেন যে, অবৈধ গ্যাস সংযোগ প্রতিরোধে তিতাস গ্যাস জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে । তিনি অবৈধ গ্যাস সংযোগ প্রতিরোধে কোম্পানিকে সর্বাত্নক সহযোগিতা করার জন্য সংশ্রিষ্ট সকলকে অনুরোধ করেন।

সভায় ব্যবস্থাপনা পরিচালক ও আহবায়ক, সংশ্লিষ্ট নৈতিকতা কমিটি মহোদয়ের অনুমতিক্রমে উপমহাব্যবস্থাপক (মাসউ) ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট নৈতিকতা কমিটি টিজিটিডিসিএল কর্তৃক কোম্পানির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ -এর ১ম কোয়ার্টারে উল্লিখিত সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের অংশগ্রহণ সম্পর্কিত বিষয়ে কোম্পানি হতে এতদসংক্রান্ত গৃহীত পদক্ষেপ ও পরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়, যা নিম্মরুপ:

**০২। <u>আলোচনা ও পর্যবেক্ষণ:</u>**

**২.১।** সভায় ব্যবস্থাপনা পরিচালক ও আহবায়ক, নৈতিকতা কমিটি মহোদয়ের অনুমতিক্রমে উপমহাব্যবস্থাপক (মাসউ) ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট নৈতিকতা কমিটি অবৈধ গ্যাস সংযোগ প্রতিরোধে করনীয় এবং সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার আইন বিষয়ে কোম্পানি কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ অংশীজনের উপস্থিতিতে প্রেজেন্টেশন স্লাইড -এর মাধ্যমে উপস্থাপন করেন। তিনি এ পর্যায়ে এ সংক্রান্ত বিষয়ে সভায় অংশগ্রহণকারী সকলের নিকট প্রয়োজনীয় মতামত/পরামর্শ আহবান করেন।

এক্ষেত্রে মহাব্যবস্থাপক (উত্তর), টিজিটিডিসিএল বলেন যে, কোম্পানি বৈধ গ্রাহকদের জন্য গ্যাস সরবরাহ করে। অবৈধ গ্যাস সংযোগ ব্যবহারকারীদের কারণে অনেক এলাকায় বৈধ গ্রাহকরা গ্যাস পান না। এছাড়া কোম্পানি অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করার পরে অনেক সময়ে দেখা যায় যে, অবৈধ গ্যাস সংযোগ ব্যবহারকারীরা পুনরায় অবৈধ সংযোগ গ্রহণ করছে । অবৈধ গ্যাস সংযোগ ব্যবহারকারীদের প্রতিহত করার আহবানসহ সংযোগ বিচ্ছিন্নের পর তারা যেন পুনরায় অবৈধ গ্যাস সংযোগ গ্রহণ করতে না পারে সে জন্য তিনি সভায় অংশগ্রহণকারী কোম্পানির গ্রাহকবৃন্দসহ সকল বৈধ গ্রাহকবৃন্দকে এ বিষয়ে কোম্পানিকে সহযোগিতা করার জন্য আহবান জানান। সবার সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে অবৈধ গ্যাস সংযোগ ব্যবহারকারীদের প্রতিহত করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সভার এ পর্যায়ে পরিচালক (অর্থ), টিজিটিডিসিএল সম্মানিত গ্রাহকদের নিয়মিত গ্যস বিল পরিশোধসহ বকেয়া গ্যাস বিল পরিশোধের আহবান জানান । এছাড়া তিনি অবৈধ গ্যাস সংযোগ সংক্রান্ত যে কোন তথ্য কোম্পানিকে জানানোর জন্য সকল অনুরোধ করেন।

সভায় RPGCL-এর মহাব্যবস্থাপক (সিএনজি) মহোদয় বলেন যে, অবৈধ গ্যাস সংযোগ প্রতিরোধে মনিটরিং ব্যবস্থা জোরদার করার পাশাপশি সকল বৈধ গ্রাহকদের পর্যায়ক্রমে প্রি-পেইড মিটারের আওতায় আনার ব্যবস্থা গ্রহণ করা হলে অবৈধ গ্যাস সংযোগ গ্রহণ করার প্রবণতা হ্রাস পাবে বলে তিনি তার মতামত ব্যক্ত করেন।

প্রকল্প পরিচালক, প্রি-পেইড মিটার প্রকল্প, টিজিটিডিসিএল সভাকে অবহিত করেন যে, কোম্পানি কর্তৃক এ পর্যন্ত গ্রাহক আঙ্গিনায় ৩.২০ লক্ষ প্রি-পেইড মিটার স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া World Bank, ADB সহ বিভিন্ন দাতা সংস্থার অর্থায়নে কোম্পানির অবশিষ্ঠ সকল আবাসিক গ্রাহককে প্রি-পেইড মিটারিং সিস্টেমের আওতায় আনার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

Mr. Toffazal, Partex Star Group, Chief Of Plant তার প্রতিষ্ঠানে গ্যাসের স্বল্পচাপ সমস্যার বিষয়ে সভায় অবহিত করেন। তিনি এ সমস্যাটির দ্রুত সমাধানের জন্য অনুরোধ করেন।

Mr. Mintu, GM, Sim Group তার প্রতিষ্ঠানের গ্যাসে স্বল্পচাপ সমস্যার কথা উল্লেখ করে সমস্যাটির সমাধানের জন্য সভায় তিতাস গাস টি এন্ড ডি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অচিরেই এ সমস্যার সমাধান হবে বলে যে বক্তব্য রেখেছেন সে আলোকে শীগ্রই এ পরিস্থিতির উন্নতি হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি অবৈধ গ্যাস সংযোগ প্রতিরোধের বিষয়ে বলেন যে, তার প্রতিষ্ঠান কোম্পানির সোনারগাও কার্যালয়ের অধীন । তিনি লক্ষ্য করেছেন যে, তিতাস গ্যাসের পক্ষ হতে নিয়মিতভাবে অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন কার্যক্রম গ্রহণ করা হচ্ছে তবে তিনি এ বিষয়ে স্থানীয় পর্যায়ে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করার বিষয়ে পরামর্শ প্রদান করেন।

জনাব দেওয়ান রাশিদুল হাসান, আবাসিক গ্রাহক, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা তিতাস গ্যাস কর্তৃক এ ধরণের সভায় অংশগ্রহণের সুযোগ দেওয়ার জন্য কোম্পানি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি অবৈধ গ্যাস সংযোগ প্রতিরোধে কোম্পানি কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অবৈধ গ্যাস সংযোগ প্রতিরোধে সাফল্য অর্জনের জন্য এলাকা ভিত্তিক জনপ্রতিনিধিসহ সাধারণ জনগণকে সম্পৃক্ত করার বিষয়ে পরামর্শ প্রদান করেন।

**২.২।** সভায় কোম্পানি পর্যায়ে সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশুতি)- এর কার্যক্রম বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা উপস্থাপন করেন সংশ্লিষ্ট কমিটির বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব জনাব মো. আহসান উদ্দিন সরকার, ব্যবস্থাপক, টিজিটিডিসিএল। তিনি বলেন যে, সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশুতি)-এর বিষয়টি মূলত: গ্রাহক সেবা সংক্রান্ত একটি সনদ। কোম্পানির সম্মানিত গ্রাহকবৃন্দ বা সেবা প্রত্যাশীরা কিভাবে সেবা পাবেন, কোথায় সেবা পাবেন, কতদিনের মধ্যে সেবা পাবেন ইত্যাদি বিষয়ে সিটিজেন চার্টার-এ বিস্তারিত তথ্য প্রদান করা হয়েছে। কোম্পানির ওয়েবসাইটে সিটিজেন চার্টার আপলোড করা হয়েছে। ত্রৈমাসিক ভিত্তিতে তা হালানাগাদ করা হয়ে থাকে। এছাড়া কোম্পানিতে সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশুতি)- সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে। ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত কমিটির সভা আয়োজন করা হয়ে থাকে।

সভায় গ্রাহক সেবার বিষয়ে কোম্পানির আবিডি-গাজীপুর কার্যালয়ের গৃহীত উদ্যোগ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা উপস্থাপন করেন জনাব প্রকৌ. কাজী মোহাম্মদ সাইদুল হাসান, উপব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), আঞ্চলিক বিপণন ডিভিশন- গাজীপুর। তিনি বলেন যে, আবিডি-গাজীপুর কার্যালয়ের সেবা প্রত্যাশীদের জন্য একটি Help Desk স্থাপন করা হয়েছে এবং কোম্পানির একজন কর্মকর্তাকে পদায়ন করা হয়েছে। Help Desk-এ সকল ধরণের আবেদনের ফরম ও প্রয়োজনীয় তথ্যাদি সন্নিবেশ করা হয়েছে । গ্রাহকরা সহজেই Help Desk হতে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করতে পারছেন। এছাড়া গ্রাকবৃন্দের অন্যান্য তথ্যের জন্য Help Desk-এ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হচ্ছে। তিনি ভবিষ্যতে আবিডি-গাজীপুর কার্যালয় কর্তৃক প্রদত্ত গ্রাহক সেবা কার্য়ক্রমকে ডিজিটাল বা ই-সার্ভিসে রূপান্তরের পরিকল্পনার কথা উল্লেখ করেন।

**২.৩।** সভায় কোম্পানি পর্যায়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা , প্রধান কার্যালয় ও ঢাকা জোনসমূহ জনাব এস এম মাহবুব আলম, উপমহাব্যবস্থাপক ( কোম্পানী এ্যাফেয়ার্স বিভাগ),টিজিটিডিসিএল কর্তৃক সভায় সংক্ষিপ্ত আলোচনা উপস্থাপন করা হয়।

তিনি বলেন যে, জবাবদিহি নিশ্চিতকরণ, সেবার মানোন্নয়ন এবং সুশাসন সংহতকরণের মাধ্যমে ভোগান্তিবিহীন জনসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। কোম্পানির অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা বরাবর ডাকযোগে অথবা ফ্রন্টডেক্সে অথবা অনলাইনে এবং মোবাইলের মাধ্যমে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ওয়েবসাইট (www.grs.gov.bd)-এর মাধ্যমে কোম্পানির অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা (অনিক) বরাবর অভিযোগ দাখিল করা যাবে । এছাড়া অন্যান্য পদ্ধতিতে (যেমন: ই-ফাইলের মাধ্যমে প্রযোজ্য ক্ষেত্রে অথবা কল সেন্টার মাধ্যমে) অভিযোগ করা যাবে। তিতাস গ্যাসের কল সেন্টার নম্বর ১৬৪৯৬, গ) কোম্পানির সকল আঞ্চলিক কার্যালয়ের ফ্রন্ট ডেস্ক বা দপ্তর প্রধান বা দপ্তরের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট লিখিত অভিযোগ দাখিল করার সুযোগ রয়েছে । তিনি আরও উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী কোম্পানির প্রধান কার্যালয় ও ঢাকা জোনসমূহ এবং আঞ্চলিক কার্যালয়ের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিযোগ করা হয়েছে। উক্ত কর্মকর্তাবৃন্দের নাম, পদবী , ঠিকানা ও ফোন নম্বর সংক্রান্ত তথ্যাদি কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

তিনি কোম্পানি কর্তৃক কোম্পানিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে গ্রহীত বিভিন্ন পদক্ষেপের বিষয়ের মধ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরের ২য় কোয়ার্টারের মধ্যে পোস্টার মুদ্রণ ও বিলির বিষয়ে মাতমত প্রদান করেন।

**৩।** কোম্পানি কর্তৃক আয়োজিত সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

**সিদ্ধান্ত:**

**৩.১)** অবৈধ গ্যাস সংযোগ প্রতিরোধে এলাকা ভিত্তিক জনপ্রতিনিধিসহ সাধারণ জনগণকে সম্পৃক্ত করতে হবে;

**কার্যব্যবস্থায়:** ক)মহাব্যবস্থাপক(ভিজিল্যান্স/বিপণন-উত্তর/বিপণন-দক্ষিণ/রাজস্ব)

খ) উপব্যবস্থাপনা পরিচালক (আবিডি-গাজীপুর/আবিডি-নারায়ণগঞ্জ/আবিডি-ময়মনসিংহ)

**৩.২)** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুয়ায়ী সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি)- সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে ;

**কার্যব্যবস্থায়:** ক)মহাব্যবস্থাপক(বিপণন-উত্তর/বিপণন-দক্ষিণ/রাজস্ব)

খ) উপব্যবস্থাপনা পরিচালক (আবিডি-গাজীপুর/আবিডি-নারায়ণগঞ্জ/আবিডি-ময়মনসিংহ)

গ) সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, টিজিটিডিসিএল

**৩.৩)** অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরের ২য় কোয়ার্টারের মধ্যে পোস্টার মুদ্রণ ও বিলির ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

**কার্যব্যবস্থায়:** ক) কোম্পানির অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা এবং তথ্য অধিকার আইন সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, প্রধান কার্যালয় ও ঢাকা জোনসমূহ

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

প্রকৌঃ মোঃ হারুনুর রশীদ মোল্লাহ্
ব্যবস্থাপনা পরিচালক ও আহবায়ক, নৈতিকতা কমিটি।

স্মারক নম্বর: ২৮.১৩.০০০০.০৫৪.৩২.০০১.২২.২৫৯

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯
২৯ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
২) পরিচালক, অপারেশনস ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৩) মহাব্যবস্থাপক, ভিজিল্যান্স ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৪) উপব্যবস্থাপনা পরিচালক, আঞ্চলিক বিপণন ডিভিশন- গাজীপুর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৫) উপব্যবস্থাপনা পরিচালক, আঞ্চলিক বিপণন ডিভিশন- নারায়ণগঞ্জ , তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৬) মহাব্যবস্থাপক, মেট্রো ঢাকা বিপণন ডিভিশন (উত্তর), তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৭) মহাব্যবস্থাপক, মেট্রো ঢাকা বিপণন ডিভিশন (দক্ষিণ), তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৮) উপব্যবস্থাপনা পরিচালক, আঞ্চলিক বিপণন ডিভিশন- ময়মনসিংহ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৯) মহাব্যবস্থাপক, আইসিটি ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১০) মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১১) প্রকল্প পরিচালক, Installation of Prepaid Gas Meter for TGTDCL(Financed by JICA), তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১২) মহাব্যবস্থাপক, প্রশাসন ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৩) মহাব্যবস্থাপক/সচিব, কর্পোরেট ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৪) মহাব্যবস্থাপক, জেনারেল সার্ভিসেস ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৫) পরিচালক (অর্থ), অর্থ ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৬) মহাব্যবস্থাপক, অডিট ডিভিশন , তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৭) মহাব্যবস্থাপক, মেট্রো ঢাকা রাজস্ব ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৮) উপমহাব্যবস্থাপক, মানব সম্পদ উন্নয়ন ডিপার্টমেন্ট, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৯) উপমহাব্যবস্থাপক, কোম্পানী এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
২০) উপমহাব্যবস্থাপক, পাইপ লাইন ডিজাইন ডিপার্টমেন্ট, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
২১) ব্যবস্থাপক, পোস্ট অডিট শাখা- আঞ্চলিক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
২২) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

প্রকৌঃ মোঃ হারুনুর রশীদ মোল্লাহ্
ব্যবস্থাপনা পরিচালক